



টঙ্গাইল : দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান করেন বৃত্তিদাতা, সাতারু নাগা-ইন্তেজাক

টঙ্গাইলে দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে জাপানী নাগরিকের বৃত্তি প্রদান

টঙ্গাইল সংবাদদাতা ॥ বেসরকারী সেবা সংস্থা বোসাইটি ফর সোসাল সার্ভিস- এন.এস.এস টঙ্গাইলের দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষাবৃত্তি বিতরণ উপলক্ষে গত ১২ জুন স্থানীয় সাধারণ গ্রন্থাগার মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করে। কালী ক্রান্তিকল্প মওন্যার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এই বৃত্তির অর্থের যোগানদাতা জাপানী নাগরিক জাপানের বহুল প্রচারিত পত্রিকা আশাহি শিবুন-এর রিজিওনাল ম্যানেজার সাতারু নাগা। বিশেষ অতিথি হিসেবে এডভোকেট বান মোহাম্মদ রয়েল। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এডভোকেট আতাউর রহমান আজাদ, কবি মাহমুদ কামাল প্রমুখ। অনুষ্ঠানে টঙ্গাইল শহর ও আশপাশের বিভিন্ন স্কুলের পঞ্চম শ্রেণীর ৫০ জন ছাত্র-ছাত্রীকে গত জানুয়ারী মাস থেকে মাসিক দু'শ' টাকা হিসেবে বৃত্তি বিতরণ করা হয়। বৃত্তি প্রাপ্তরা পরবর্তী পাঁচ বছর পর্যন্ত এই বৃত্তি পাবে।

চাঁদপুর ফাউন্ডেশনের বৃত্তি প্রদান

চাঁদপুর সংবাদদাতা ॥ চাঁদপুর ফাউন্ডেশন জেলার ৮টি উপজেলা ও ৬টি পৌরসভার ৫৮৪ জন মেধাবী ছাত্র-ছাত্রীর মধ্যে ২৬ লাখ ৫১ হাজার ৬শ' টাকার বৃত্তি প্রদান করেছে। মঙ্গলবার স্থানীয় রোটারী ক্লাবে আনুষ্ঠানিকভাবে এ বৃত্তির চেক বিতরণ করা হয়। চাঁদপুরের জেলা প্রশাসক মোঃ আব্দুর রব হাওলাদার ও পুলিশ সুপার মোঃ বকতিয়ার আলম প্রধান অতিথি ও বিশেষ অতিথি উপস্থিত থেকে এ বৎসরে বৃত্তিপ্রাপ্তদের মধ্যে চেক বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজসেবক আলহাজ্ব ডাক্তার এম.এ. গফুর। যোগত বক্তব্য রাখেন সদস্য সচিব কামরুজ্জামান চৌধুরী। এছাড়া বক্তব্য রাখেন অধ্যক্ষ বদিউররহমান চৌধুরী, অধ্যাপক এ.বি.এম. ওয়ালিউল্লহা হুসাইন, অধ্যাপক মিয়া কান্তি রায়, ছাত্র-ছাত্রীদের পক্ষে মাহবুবুর রহমান প্রমুখ।